আমাদেরসময়

তারিখ ..22 NOV 2015...
পৃষ্ঠা ..১৬.. কলাম ..১৬..

কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# আজ থেকে ভর্তি পরীক্ষা শুরু

ত্রিশাল প্রতিনিধি ●

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আজ রোববার থেকে শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের ৫ ইউনিটে আবেদন পড়েছে ২২৯২০টি। যার মধ্যে 'ক' ইউনিটে ৪৭৬৭টি, 'খ' ইউনিটে ৪৯৭৮, 'গ' ইউনিটে ৫৪৩৫, 'ঘ' ইউনিটে ৭০৮৪ এবং 'ঙ' ইউনিটে ৬৫৬টি। আসন সংখ্যা ৮২৫টি। প্রতি আসনের বিপরীতে আবেদন পড়েছে প্রায় ২৮টি। ভর্তি পরীক্ষা ২২ নভেম্বর শুরু হয়ে শেষ হবে ২৬ নভেম্বর।

'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ নভেম্বর, 'গ' ইউনিটে ২৩ নভেম্বর, 'খ' ইউনিটে ২৪ নভেম্বর, 'ক' ইউনিটে ২৫ নভেম্বর এবং 'ঙ' ইউনিটে ২৬ নভেম্বর অনুষ্ঠিত হবে। ৫ ইউনিটের ১৬টি বিভাগে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা গত ২০ সেপ্টেম্বর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে ঝপঝ পদ্ধতিতে আবেদন করে।

ক, খ, গ ও ঘ ইউনিটের পরীক্ষা দুই শিফটে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে বিজোড় রোল নম্বরধারী পরীক্ষার্থীদের পরীক্ষা বেলা ১১টায় এবং জোড় নম্বরধারী পরীক্ষার্থীদের পরীক্ষা বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে। ঙ ইউনিটের পরীক্ষা কেবল এক শিফটে বেলা ১১টায় অনুষ্ঠিত হবে। তবে সব পরীক্ষার ক্ষেত্রে শুরুর এক ঘণ্টা আগে পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থীদের উপস্থিত থাকতে হবে। পরীক্ষার্থীদের প্রবেশপত্রে সদ্য তোলা ছবি লাগাতে হবে। সব ইউনিটের ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোনো ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে নিয়ে আসতে পারবে না।